# প্রশ্নোত্তরে সালাতুদ-দুহার সংক্ষিপ্ত বিধান

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তরসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: সালাতুদ-দুহা রাকাত সংখ্যা কত?

উত্তর: শাইখ আব্দুল আযীয ইবন আবদুল্লাহ ইবন বায রহ. বলেন, সর্বনিম্ন রাকাত সংখ্যা দুই রাকাত। আর যদি চার, ছয় বা আট রাকাত বা তার চেয়েও বেশিও কেউ স্বীয় সামর্থ্য অনুযায়ী আদায় করে, তাতে কোনো অসুবিধা নেই। এ সালাতের রাকাত সংখ্যার সুনির্দিষ্ট কোনো সংখ্যা নির্ধারিত নয়। (মাজমু'উল ফাতওয়া: ৩৯৯/১১)

শাইখ মুহাম্মাদ ইবন সালেহ ইবন উসাইমীন রহ. বলেন, সর্ব নিম্ন দুই রাকাত। আর বেশির কোনো সীমা নেই। মানুষ তার সামর্থ্য অনুযায়ী আদায় করবে। (মাজমু'উল ফাতাওয়া: ৩০৫/১৪)।

সর্বনিম্ন দুই রাকাত। বেশির কোনো সীমা নেই। তবে উত্তম হলো, আট রাকাতের অধিক না হওয়া। উচিৎ হলো, প্রতি দুই রাকাতে সালাম ফিরানো। এক সালামের একসাথে পড়া উচিৎ নয়। (আল-লাজনাহ আদ-দায়িমাহ: ১৪৫/৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=10798

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন